



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University

জগন্নাথ বিশ্ববিদ্যালয় ৪র্থ ইনডোর গেমস প্রতিযোগিতা ২০১৯ এর উদ্বোধনী
অনুষ্ঠিত



২৮ এপ্রিল-২০১৯, রবিবার সকাল ১০টায় জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শারীরিক শিক্ষাকেন্দ্রের উদ্যোগে চারদিন ব্যাপি (২৮ এপ্রিল-২ মে) '৪র্থ ইনডোর গেমস প্রতিযোগিতা ২০১৯' এর উদ্বোধনী অনুষ্ঠান বিশ্ববিদ্যালয়ের নতুন ভবনের নীচতলায় স্পোর্টস গ্রাউন্ডে অনুষ্ঠিত হয়।

প্রধান অতিথি হিসেবে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান প্রতিযোগিতার উদ্বোধন করেন। ক্রীড়া উপ-কমিটি (ইনডোর গেমস)এর আহবায়ক ড. মোহাম্মদ আরিফউল ইসলাম এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অধ্যাপক ড. মোহঃ আলী নূর। এসময় বিভিন্ন বিভাগের শিক্ষক, শিক্ষার্থীবৃন্দ ও শারীরিক শিক্ষাকেন্দ্রের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, ৪র্থ ইনডোর গেমস প্রতিযোগিতায় ৪টি ক্যাটাগরিতে ১৪ ইভেন্টে প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।